

স্মারক নং- ৫১.০১.৬১২২.০০০.৪২.০১৯.২৩-৬৩৮

তারিখঃ ২৯ জ্যৈষ্ঠ ১৪৩০
১২ জুন ২০২৩

বিষয়ঃ ২০২২-২০২৩ অর্থ বছরে আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা, ২০২৩ উপলক্ষে অতিদরিদ্র, অসহায় ও দুঃস্থ পরিবারের মাঝে ভিজিএফ কর্মসূচির আওতায় বিনামূল্যে খাদ্য সহায়তা (চাল) প্রদানের জন্য উপকারভোগীদের নামের তালিকা দাখিল, খাদ্যশস্য উত্তোলন ও বিতরণ প্রসঙ্গে।

সূত্র : জেলা প্রশাসকের কার্যালয় (দুর্যোগ ব্যবস্থাপনা শাখা), ময়মনসিংহ এর গত ১১ জুন ২০২৩ খ্রি. তারিখের ৫১.০১.৬১০০.০০০.৪১.০৫৬.২০-৪৪৩ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২২-২০২৩ অর্থ বছরে ভিজিএফ কর্মসূচির আওতায় আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা ২০২৩ উপলক্ষে অতিদরিদ্র, অসহায় ও দুঃস্থ পরিবারের মাঝে বিনামূল্যে খাদ্য সহায়তা প্রদানের নিমিত্ত ১০(দশ) কেজি হারে চাল বিতরণের জন্য এ উপজেলার অনুকূলে=২০,৪৫৬(বিশ হাজার চারশত ছাশান্ন) টি কার্ডের বরাদ্দ পাওয়া যায়। বরাদ্দকৃত কার্ড জনসংখ্যা অনুযায়ী ইউনিয়নভিত্তিক নিম্নরূপভাবে উপ-বরাদ্দ প্রদান করা হলো। নিম্নে বর্ণিত শর্তাবলি অনুসরণপূর্বক ইউনিয়ন মানবিক সহায়তা কর্মসূচির সভার কার্যবিবরণী এবং উপস্থিতির হাজিরাসহ ২(দুই) প্রস্থ উপকারভোগীদের নামের তালিকা জরুরিভাবে দাখিল করে নিম্নোক্ত সিডিউল মোতাবেক বরাদ্দকৃত চাল উত্তোলন ও বিতরণ কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো।

ক্র: নং	ইউনিয়নের নাম	ইউনিয়নের জনসংখ্যা	কার্ড সংখ্যা	বরাদ্দকৃত চাল (মে.টন)	উপকারভোগীদের নামের তালিকা দাখিলের তারিখ	ভিজিএফ (চাল) বিতরণের তারিখ
০১	রসুলপুর	২৩,৪৪৩ জন	১,১৯৪ টি	১১.৯৪০ মে.টন	১৫-০৬-২০২৩	১৭-০৬-২০২৩
০২	বারবাড়িয়া	১৮,১৭১ "	৯২৬ "	৯.২৬০ "	১৫-০৬-২০২৩	১৭-০৬-২০২৩
০৩	চরআলগী	২৮,৮৪৮ "	১,৪৭০ "	১৪.৭০০ "	১৫-০৬-২০২৩	১৭-০৬-২০২৩
০৪	সালটিয়া	২৯,৩৮০ "	১,৪৯৭ "	১৪.৯৭০ "	১৫-০৬-২০২৩	১৭-০৬-২০২৩
০৫	যশরা	২৫,১২১ "	১,২৮০ "	১২.৮০০ "	১৫-০৬-২০২৩	১৭-০৬-২০২৩
০৬	রাওনা	২৬,০৫৪ "	১,৩২৮ "	১৩.২৮০ "	১৫-০৬-২০২৩	১৮-০৬-২০২৩
০৭	মশাখালী	২৮,৬১৮ "	১,৪৫৮ "	১৪.৫৮০ "	১৫-০৬-২০২৩	১৮-০৬-২০২৩
০৮	গফরগাঁও	২৮,৫৮৫ "	১,৪৫৭ "	১৪.৫৭০ "	১৫-০৬-২০২৩	১৮-০৬-২০২৩
০৯	পাঁচবাগ	২৭,৯৯১ "	১,৪২৬ "	১৪.২৬০ "	১৫-০৬-২০২৩	১৮-০৬-২০২৩
১০	উষ্টি	২২,৮৩৬ "	১,১৬৪ "	১১.৬৪০ "	১৫-০৬-২০২৩	১৮-০৬-২০২৩
১১	লংগাইর	২৩,১৫৬ "	১,১৮১ "	১১.৮১০ "	১৫-০৬-২০২৩	১৯-০৬-২০২৩
১২	পাইখল	২৪,৩২০ "	১,২৪০ "	১২.৪০০ "	১৫-০৬-২০২৩	১৯-০৬-২০২৩
১৩	দত্তের বাজার	৩০,৬৮৯ "	১,৫৬৪ "	১৫.৬৪০ "	১৫-০৬-২০২৩	১৯-০৬-২০২৩
১৪	নিগুমারী	৩৪,৮৪৪ "	১,৭৭৫ "	১৭.৭৫০ "	১৫-০৬-২০২৩	১৯-০৬-২০২৩
১৫	টাংগাব	২৯,৩৬৫ "	১,৪৯৬ "	১৪.৯৬০ "	১৫-০৬-২০২৩	১৯-০৬-২০২৩
	মোট	৪,০১,৪২১ জন	২০,৪৫৬টি	২০৪.৫৬০ মে.টন	---	---

শর্তাবলিসমূহঃ

০১। ভিজিএফ উপকারভোগী বাছাইয়ের ক্ষেত্রে নিম্নরূপ শর্তাবলি অনুসরণ করতে হবে।

ক। বাংলাদেশ পরিসংখ্যান বুরোর ২০১৬ এর তথ্য অনুযায়ী ইউনিয়ন ও ওয়ার্ডভিত্তিক বরাদ্দকৃত ভিজিএফ কার্ড সংখ্যা পুন:বিভাজন করে তালিকা প্রস্তুত করতে হবে। www.bbs.gov.bd – এ ওয়েবসাইটে লগইন করে জনসংখ্যার তথ্য পাওয়া যাবে।

খ। দুঃস্থ/অতিদরিদ্র ব্যক্তি/পরিবারকে এ সহায়তা প্রদান করতে হবে। তবে সাম্প্রতিক বন্যাক্রান্ত ও অন্যান্য প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত দুঃস্থ/অতিদরিদ্রকে অগ্রাধিকার দিতে হবে।

নিম্নোক্ত শর্তাবলির মধ্যে কমপক্ষে ৪টি শর্ত পূরণ করে এমন ব্যক্তি/পরিবার, দুঃস্থ/অতিদরিদ্র বলে গণ্য হবেঃ-


- ১। যে পরিবারের মালিকানায় কোন জমি নেই বা ভিটাবাড়ি ছাড়া কোন জমি নেই;
- ২। যে পরিবার দিন মজুরের আয়ের উপর নির্ভরশীল;
- ৩। যে পরিবার মহিলা শ্রমিকের আয় বা ভিক্ষাবৃত্তির উপর নির্ভরশীল;
- ৪। যে পরিবারের উপার্জনক্ষম পূর্ণবয়স্ক কোন পুরুষ সদস্য নেই;
- ৫। যে পরিবারে স্কুলগামী শিশুকে উপার্জনের জন্য কাজ করতে হয়;
- ৬। যে পরিবারে উপার্জনশীল কোন ব্যক্তি নেই;
- ৭। যে পরিবারের প্রধান স্বামী পরিত্যক্তা, বিচ্ছিন্ন বা তালাকপ্রাপ্তা মহিলা;
- ৮। যে পরিবারের প্রধান অসচ্ছল মুক্তিযোদ্ধা;

- ৯। যে পরিবারের প্রধান অসচ্ছল ও অক্ষম প্রতিবন্ধি;
 - ১০। যে পরিবার কোন ক্ষুদ্র ঋণ প্রাপ্ত হয়নি;
 - ১১। যে পরিবার প্রাকৃতিক দুর্যোগের শিকার হয়ে চরম খাদ্য/সংকটে পড়েছে;
 - ১২। যে পরিবারের সদস্যরা বছরের অধিকাংশ সময় দু'বেলা খাবার পায় না।
- গ) ইউনিয়ন ভিজিএফ কমিটি কর্তৃক প্রকাশ্য সভায় বর্ণিত তালিকা প্রণীত ও প্রত্যায়িত হতে হবে।

ভিজিএফ উপকারভোগীদের তালিকা এমনভাবে প্রস্তুত করতে হবে যাতে কোন অবস্থাতেই একই পরিবারের একাধিক ব্যক্তি ভিজিএফ বরাদ্দ না পায়।

চেয়ারম্যান
ইউনিয়ন পরিষদ (সকল)
গফরগাঁও, ময়মনসিংহ।

২২/৬/২৩


মোঃ আবিদুর রহমান
উপজেলা নির্বাহী অফিসার
গফরগাঁও, ময়মনসিংহ।
ফোনঃ +৮৮০৯০২৫-৫৬০২০
E-mail: unogafargaon@gmail.com

স্মারক নং- ৫১.০১.৬১২২.০০০.৪২.০১৯.২৩-৬৩৮

তারিখঃ ২৯ জ্যৈষ্ঠ ১৪৩০
১২ জুন ২০২৩

অনুলিপিঃ সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৫৫ ময়মনসিংহ-১০ (গফরগাঁও)।
- ২। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
- ৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও, ময়মনসিংহ।
- ৫। সহকারী কমিশনার (ভূমি), গফরগাঁও, ময়মনসিংহ।
- ৬। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, ময়মনসিংহ।
- ৭। উপজেলা..... অফিসার ও ট্যাগ অফিসার, ইউনিয়ন পরিষদ, গফরগাঁও, ময়মনসিংহ।
- ৮। অফিস কপি।

//
উপজেলা নির্বাহী অফিসার
গফরগাঁও, ময়মনসিংহ।